

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
পুলিশ শাখা-২  
[www.mha.gov.bd](http://www.mha.gov.bd)

নং-৪৪.০০.০০০০.০৯৫.১৩.০০৫.১৫-১৩৯

তারিখ- ০৪ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ  
১৬ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা

বিষয়ঃ **Factory Acceptance Test (FAT)** কার্যক্রমে অংশগ্রহণের জন্য পুলিশ কর্মকর্তার দক্ষিণ কোরিয়া গমনের অনুমতি।


মহোদয়,

আদিষ্ট হয়ে আগামী ১৯ ফেব্রুয়ারি, ২০১৭ হতে ২৩ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখ অথবা ভ্রমণের পরবর্তী তারিখ হতে ০৫ দিনের জন্য ০১ (এক) টি Wrecker (10 ton) ক্রয়ের বিষয়ে FAT কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে জনাব হাবিবুর রহমান, অতিরিক্ত ডিআইজি, পুলিশ অধিদপ্তর, ঢাকাকে দক্ষিণ কোরিয়া গমনের সরকারী অনুমোদন জ্ঞাপন করছি।

শর্তাবলীঃ

- (ক) FAT কার্যক্রমে অংশগ্রহণের লক্ষ্যে মনোনীত কর্মকর্তার দক্ষিণ কোরিয়া গমনের যাবতীয় ব্যয়ভার সরবরাহকারী প্রতিষ্ঠান Moon Corporation বহন করবে।
- (খ) তার বিদেশে অবস্থানকাল (যাতায়াতের ট্রানজিট সময়সহ) কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।
- (গ) তিনি FAT কার্যক্রমে অংশগ্রহণের জন্য বেতন ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- (ঘ) তিনি আগামী ১৮ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে ঢাকা ত্যাগ করবেন এবং আগামী ২৪ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে ঢাকা প্রত্যাবর্তন করবেন। অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না।
- (ঙ) বিদেশ হতে প্রত্যাবর্তনের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে তিনি জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ অধিশাখা-৪ এ বর্ণিত বিষয়ের উপর একটি প্রতিবেদন দাখিল করে পুলিশ-২ শাখায় অবহিত করবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

  
ফারজানা জেসমিন  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৬৩৩৯ (অঃ)।


নং-৪৪.০০.০০০০.০৯৫.১৩.০০৫.১৫-১৩৯/১(১০)

তারিখ-

০৪ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ  
১৬ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। বর্ণিত সফরের জন্য সংশ্লিষ্ট দেশের ভিসা প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় নোট ভারব্যাল জারীর নিমিত্ত বিশেষভাবে অনুরোধ জানানো হলো (সত্যায়িত নোটশীটের ছায়ািলিপি সংযুক্ত)।
- ২। মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৫। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। উপ-সচিব, পুলিশ-১/উপ-সচিব পুলিশ-৪ অধিশাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (বহিরাগমন), শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৯। সহকারী প্রোগ্রামার, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ১০। জনাব.....।

  
ফারজানা জেসমিন  
সিনিয়র সহকারী সচিব